আমি    কান পেতে রই      ও আমার   আপন হৃদয়গহন-দ্বারে   বারে বারে
কোন্   গোপনবাসীর কান্নাহাসির   গোপন কথা শুনিবারে—   বারে বারে ॥
ভ্রমর সেথা হয় বিবাগি   নিভৃত নীল পদ্ম লাগি রে,
কোন্   রাতের পাখি গায় একাকী সঙ্গীবিহীন অন্ধকারে   বারে বারে ॥
কে সে মোর   কেই বা জানে,   কিছু তার   দেখি আভা ।
কিছু পাই   অনুমানে,   কিছু তার   বুঝি না বা ।
মাঝে মাঝে তার বারতা   আমার ভাষায় পায় কি কথা রে,
ও সে   আমায় জানি পাঠায় বাণী   গানের তানে লুকিয়ে তারে   বারে বারে ॥

---

Parjaay: Puja, Taal: Dadra, Style: Bibhas-Baul

Visit www.geetabitan.com for notation and other detail